

১. গণযোগাযোগ ও আন্তঃব্যক্তিক যোগাযোগের মাধ্যমে তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে সরকারের নীতি ও উন্নয়ন কার্যক্রম সম্পর্কে অবহিত, শিক্ষিত ও উদ্বুদ্ধ করা।
২. প্রামাণ্যচিত্র/চলচ্চিত্র প্রদর্শনের মাধ্যমে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের প্রচার এবং উন্নয়ন বার্তার ওপর নির্মিত পোস্টার, লিফলেট, সাময়িকী ও অন্যান্য প্রচারসামগ্রী বিতরণ করা।
৩. গণসংগীত, গণসংলাপ, পথনাটক, স্থিরচিত্র প্রদর্শনী, রচনা প্রতিযোগিতা, শিশুমেলা, মহিলা সমাবেশ, আলোচনা সভা, উঠান বৈঠক/উন্মুক্ত বৈঠক, নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের অংশগ্রহণে ওরিয়েন্টেশন কর্মশালা ও প্রশিক্ষণ, র্যালি প্রভৃতির মাধ্যমে জনগণকে সরকারের চলমান উন্নয়নমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত এবং উদ্বুদ্ধকরণ।
৪. সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও জরুরি বিষয়ে (যেমন-দুর্যোগকালীন পরিস্থিতি ও সতর্কতা) সড়ক প্রচার।
৫. সিনেমাটোগ্রাফ অ্যাক্ট/চলচ্চিত্র সেক্সর অ্যাক্ট লঙ্ঘন প্রতিরোধে সিনেমা হল পরিদর্শন।
৬. ভিডিআইপি/ভিআইপিগণের অনুষ্ঠান, জাতীয়/আন্তর্জাতিক দিবস ও সম্মেলন এবং সরকারের বিভিন্ন জনগুরুত্বপূর্ণ অনুষ্ঠানে শব্দযন্ত্র স্থাপন।
৭. সরকারের উর্ধ্বতন কর্তৃপক্ষকে সরকারি নীতি ও কার্যক্রম সম্পর্কে জনপ্রতিক্রিয়া (Feedback/ Reaction) অবহিত করা।
৮. সন্ত্রাস, জঙ্গিবাদ, সামাজিক কুপমগ্নকতা, সাম্প্রদায়িকতা, গুজব, অপপ্রচার ও কুসংস্কারের বিরুদ্ধে জনমত সৃষ্টির জন্য সর্বসাধারণকে উদ্বুদ্ধ করা।
৯. সরকারের উন্নয়নমূলক কার্যক্রমের ওপর নিয়মিত প্রেস ব্রিফিং এর আয়োজন এবং অধিক প্রচারের জন্য স্থানীয় সংবাদ মাধ্যমসহ বেতার, টেলিভিশন, পিআইডি (PID) ও বাসস (BSS)-এ প্রেস রিলিজ প্রেরণ করা।
১০. স্থানীয় গণমাধ্যমকর্মী এবং স্থানীয় প্রতিষ্ঠানের সাথে লিয়াজেঁ রক্ষা করা এবং তথ্য আদান-প্রদান করা।
১১. আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে প্রচার কৌশলসমূহকে অধিকতর কার্যকরী ও সমৃদ্ধ করা।
১২. সোশ্যাল মিডিয়া/নিউ মিডিয়া ব্যবহার করে তথ্যসেবা সম্প্রসারণ ও প্রচার কাজে গতিশীলতা আনয়ন।